**সমকাল**

তারিখ ১২-০ JUN 2017 ...
পৃষ্ঠা ৫ ... কলাম ২ ...

# ইউজিসি ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে বার্ষিক চুক্তি সই

দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সুশাসন প্রতিষ্ঠা এবং উৎকর্ষ সাধনের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল সোমবার ইউজিসি অডিটরিয়ামে এই চুক্তি স্বাক্ষরিত হয়।

ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন। ইউজিসি সদস্য অধ্যাপক ড. এম. শাহ্ নওয়াজ আলির সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানটির সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, অধ্যাপক ড. দিল আফরোজা বেগম ও ইউজিসি সচিব ড. মো. খালেদ। কমিশনের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মো. মিজানূর রহমান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন। উপাচার্যদের পক্ষ থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. কামরুল হাসান খান অনুষ্ঠানে বক্তব্য রাখেন। কমিশনের সচিব ড. মো. খালেদ ও পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর রেজিস্ট্রাররা চুক্তিতে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন।

অধ্যাপক আবদুল মান্নান বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়ন করার আহ্বান জানান। তিনি শিক্ষকদের সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহারের ওপর গুরুত্ব আরোপ করেন। অধ্যাপক ইউসুফ আলী মোল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ন্যায়-নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে বরাদ্দকৃত বাজেটের সর্বোত্তম ব্যবহার সুনিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করেন। অধ্যাপক দিল আফরোজা বেগম বিশ্ববিদ্যালয়ের অনুকূলে যে অর্থ বরাদ্দ করা হয় তার খাতভিত্তিক যথাযথ ও সঠিক বাস্তবায়ন করার ওপর জোর দেন। সভাপতির ভাষণে অধ্যাপক এম. শাহ্ নওয়াজ আলি বলেন, 'দেশ এখন উন্নয়নের মহাসড়কে। এর ধারাবাহিকতা রক্ষায় সবাইকে একযোগে কাজ করতে হবে। এ জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন খুবই জরুরি।'

অনুষ্ঠানে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার ও ইউজিসির ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর